সংবাদ

তারিখ 29 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বগুড়া আজিজুল হক কলেজ ছাত্রলীগের নতুন কমিটি

বগুড়া অফিস

বিলুপ্ত হওয়ার ১ দিন পরেই বগুড়া সরকারী আজিজুল হক কলেজ ছাত্রলীগের নয়া কমিটি ঘোষনা করা হয়েছে। কেএম মোজাম্মেল হক বুলবুলকে সভাপতি ও রাকিবুল হাসান অর্ককে সাধারণ সম্পাদক করে আগামী ১ বছরের জন্য কমিটি অনুমোদন করেছে জেলা ছাত্রলীগ। আগামী ১৫ দিনের মধ্যে পূর্নাঙ্গ কমিটি গঠনের জন্য নবগঠিত কমিটির সভাপতি সাধারণ সম্পাদককে নির্দেশ দেয়া হয়েছে। বগুড়া জেলা ছাত্রলীগ সভাপতি নাইমুর রাজ্জাক তিতাস ও সাধারণ সম্পাদক অসীম কুমার রায় স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এ কমিটি গঠনের কথা জানানো হয়েছে।

চলতি মাসের ২৫ অক্টোবর বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রিয় নির্বাহি সংসদের সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে আজিজুল হক কলেজ ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়। একইসাথে কলেজ ছাত্রলীগের সভাপতি বেনজির আহমেদকেও সংগঠন থেকে আজীবন বহিস্কার করা হয়।